ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১২/২০১৭/১৭৫৫১ তারিখ: ০২ পৌষ ১৪৩২ / ১৭ ডিসেম্বর ২০২৫

বিষয়: পরিচ্ছন্নতা কর্মী স্বেচ্ছায় চাকুরি হতে ইস্তফাপত্রের নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : দুর্গামা/গাব/বগ/২০২৫/৩৬, তারিখ: ১২.৮.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্গাহাটা দারুল উলুম ফাজিল মাদরাসা, গাবতলী, বগুড়া-এর অধ্যক্ষ গত ১২.০৮.২০২৫ খ্রি. তারিখে মাদরাসার এক শিক্ষার্থীকে শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে অভিযুক্ত মাদরাসার পরিচ্ছন্নতা কর্মী জনাব মোঃ আশরাফ আলী-এর স্বেচ্ছায় চাকরি হতে ইস্তফাপত্র দাখিলের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনার জন্য বিশ্ববিদ্যালয়ে আবেদন করেন। এ বিষয়ে মাদরাসা কর্তৃপক্ষ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা হতে ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.১৭-২৯৯, তারিখ: ১৪.০৯.২০২২ খ্রি. সংখ্যক স্মারকমূলের পত্র অনুযায়ী মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নীতিমালা অনুসরণ করে যৌন হয়রানি প্রতিরোধে কমিটি গঠন করা এবং যৌন হয়রানি সম্পর্কিত অভিযোগ নিষ্পত্তির বিধান রয়েছে।

উক্ত অভিযোগটি গুরুতর হওয়ায় অভিযুক্ত কর্মচারীর ইস্তফাপত্র তাৎক্ষণিক গ্রহণ করা হলে তিনি সম্ভাব্য শাস্তি বা জবাবদিহিতা এড়িয়ে যেতে পারেন এবং অভিযোগকারী শিক্ষার্থী ন্যায়বিচার থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে।

এমতাবস্থায়, অভিযুক্ত পরিচ্ছন্নতা কর্মীর ইস্তফা গ্রহণ না করে, প্রযোজ্য বিধি অনুসারে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৭/১২/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া
ও
সভাপতি
দুর্গাহাটা দারুল উলুম ফাজিল মাদরাসা
উপজেলা- গাবতলী, জেলা- বগুড়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১২/২০১৭/১৭৫৫১ (৫) তারিখ: ১৭.১২.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অধ্যক্ষ, দুর্গাহাটা দারুল উলুম ফাজিল মাদরাসা, গাবতলী, বগুড়া।
২. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. আইন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

১৭/১২/২৫
(মো: শাহ নেওয়াজ)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫